দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 1 1 1999
পৃষ্ঠা ১৭ কলাম ৫

48

### বিসিএস সাধারণ শিক্ষা সমিতির উদ্বেগ

## সা'দত কলেজের ঘটনা শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার প্রতি চরম আঘাত

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত সোমবার অনার্স পার্ট-১ সাবসিডিয়ারী পরীক্ষায় নকলের দাবীতে পরীক্ষা চলাকালীন সময়ে ছাত্র এবং বহিরাগতদের দ্বারা টাঙ্গাইলের সা'দত কলেজে ব্যাপক ভাংচুর, প্রিন্সিপাল ও শিক্ষকদের ওপর হামলা, ছাত্র-পুলিশ সংঘর্ষ এবং একজন ছাত্রের মৃত্যুর ঘটনায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর জাহানারা বেগম এবং মহাসচিব প্রফেসর মোঃ কফিল ইদ্দন তীব্র ক্ষোভ ও গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তারা এই ঘটনাকে অনভিপ্রেত, জাতির জন্য অবমাননাকর এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার ক্ষেত্রে চরম আঘাত বলে দৃঢ় অভিমত ব্যক্ত করেছেন। তারা ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং এই সন্ত্রাসী ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য জোর দাবী জানান এবং একই সাথে পরীক্ষার কাজে নিয়োজিত শিক্ষকদের নিরাপত্তা ও মর্যাদা রক্ষা করে আশু কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের প্রতি জোর দাবী জানান।